আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৫ জানুয়ারি ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.০০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, এল.ডি.ডি.পি প্রকল্পের আওতায় আটটি প্রডিউসার গ্রুপের (পিজি) খামারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, পূর্বের স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার পিআরএল শুরু হওয়ায় গত ১৭.০১.২০২২ তারিখে আটপাড়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হিসেবে নতুন যোগদান করেন। তিনি সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মতে করোনার টিকা প্রদান কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো মৌসুমে ১২৩৮০ হে. জমি বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে যাচ্ছে কৃষি বিভাগ। রবি মৌসুমে সরিষার ব্যাপক আবাদ বৃদ্ধি পেয়েছে। সার সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে নিরবিচ্ছিন্ন মনিটরিং কার্যক্রম চলছে। সার উত্তোলন ও মজুদ সন্তোসজনক। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১. সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. কৃষি প্রনোদনা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা ও টিআর (উপজেলা পরিষদের ও নির্বাচনী) ১ম পর্যায়ের কাজের অগ্রগতি ভাল। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১ম পর্যায়ের কাজ ৫০% সম্পন্ন হয়েছে এবং G2p পদ্ধতিতে শ্রমিক মজুরী প্রদানের জন্য | ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কাবিটা, কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | অধিদপ্তর থেকে বিলের চাহিদা চেয়েছে যার ফলে ইউপি চেয়ারম্যানগণকে দ্রুতগতিতে তালিকা দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়েছে। ২য় পর্যায়ের কাবিখার বরাদ্দ পাওয়া গেছে যা দ্রুত ইউনিয়ন পর্যায়ে বিভাজন করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, বই বিতরণের কার্যক্রম চলমান আছে। নতুন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রাক প্রথমিক শ্রেণিতে সর্বমোট ৪৮ টি পদ সৃষ্টি করা হয়েছে এর মধ্যে ৪৭ জন সহকারী শিক্ষক প্রাক প্রথমিক শ্রেণির জন্য নিয়োগ প্রাপ্ত হয়েছেন। সৃষ্টপদ ব্যতীত ১২ জন সহকারী শিক্ষক শূণ্যপদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। সর্বমোট ৫৯ জন শিক্ষক নিয়োগপ্রাপ্ত হয়েছেন। এছাড়াও তিনি প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৩ (উপজেলা পর্যায়ে) ক্রীড়া ও সংস্কৃতিক প্রতিযোগিতা পরিচালনার জন্য উপজেলা পরিষদ হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. নিয়োগপ্রাপ্ত নতুন শিক্ষকদের বরণ ও শুভেচ্ছা বিনিময় সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজ সেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় নিয়মিত ভাতাভোগীদের ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কিস্তির পেরোল প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, উপজেলা পরিষদের আওতায় এডিপির প্রকল্পকগ্রহণের কার্যক্রম চলমান আছে। গত অর্থ বছরে একটি প্রকল্পের টাকা ল্যাপ্স গিয়েছিল তাই আইবাস থেকে যখন টাকা পাওয়া যাবে তখন করার জন্য সভায় প্রস্তাব রাখেন। এছাড়াও তিনি পরিষদের আবাসিক ভবনগুলোতে বৈদ্যুতিক মটরের জন্য আলাদা মিটার স্থাপনের প্রস্তাব রাখেন। তিনি আরো জানান যে, পরিষদের সীমানা নির্ধারনের কাজ শুরু হয়েছে। পরিষদের সীমানায় বেশ কিছু অবৈধ স্থাপনা আছে সে জন্য সীমানা প্রাচির করার লক্ষ্যে সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. পরিষদের আবাসিক ভবনগুলোতে বৈদ্যুতিক মটরের জন্য আলাদা মিটার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. উপজেলা পরিষদের আওতায় গৃহীত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩. পরিষদের সীমানা নির্ধারণের ক্ষেত্রে অবৈধ স্থাপনা দ্রুত উচ্ছেদের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০২. সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. সীমান নির্ধারণকারী উপজেলা কমিটি আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, পূর্বের আশ্রয়ন-২ প্রকল্পে বিতরণ করা ঋণ জানুয়ারি/২০২৩ খ্রি. মাসে ৩৯০০/- টাকা আদায়করা হয়েছে। আশ্রয়ন-২ এর আওতায় পূণর্বাসিত পরিবারের সদস্যদের নিয়ে ভরতোখী আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য আশ্রয়নে বসবাসকারীদের নিয়ে সমবায় সমিতি গঠনের প্রক্রিয়া চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায়ে কার্যক্রম চলমান। তিনি ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশ রাস্তাটি নির্মাণ করা প্রয়োজন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিষদ কার্যালয়ে জন্ম নিবন্ধনের জন্য সম্প্রতি যাদের বাচ্চা হয়েচে তাদের তালিকা দেয়ার জন্য অনুরোধ করা হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে এবং চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩ সনের বিনামূল্যের পাঠ্যপুস্তক কার্যক্রমে ০১.০১.২০২৩ তারিখ পর্যন্ত প্রাপ্ত বই বিতরণ করা হয়েছে। অবশিষ্ট বইসমূহ পাওয়ার সাথে সাথে বিতরণ করা হবে। এছাড়াও তিনি আরো বলেন যে, বালিকান্দি জামিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, ৩৯০ জন ছাত্র রয়েছে। কিন্তু ইংরেজি শিক্ষক নেই। আগামী জুন-জুলাই এর আগে শিক্ষক পাওয়া সম্ভব নয়। তাই সিরাজাম মুনীরা দাখিল মাদ্রাসা, থেকে ০১ জন ইংরেজি শিক্ষক কিছুদিনের জন্য দেওয়ার সুপারিশ করেন।। | ০১. যথাযথ নিরাপত্তার সাথে পাঠ্যপুস্তক সংরক্ষনের ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. সভাপতি ও সুপারকে সিরাজাম মুনীরা দাখিল মাদ্রাসা থেকে ০১ জন ইংরেজি শিক্ষক আপদকালীন সময়ের জন্য জন্য দেয়ার বিষয়টি সু-বিবেচনার জন্য অনুরোধ করা হয়। | ০১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।<br>০২. সভাপতি/সুপার সিরাজাম মুনীরা দাখিল মাদ্রাসা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ভিডব্লিউবি'র কার্যক্রম ৩১ ডিসেম্বর/২০২২ শেষ হয়েছে । ২০১৯-২০২০ এবং ২০২১-২০২২ চক্রের কিছু নাম অন্তর্ভূক্ত হয়েছে। ইহা সংশোধনের জন্য সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কমনা করেন। মা ও শিশু সহায়তা ভাতা সকল ইউনিয়নের উদ্যোক্তাদের ইউজার আইডি এবং পাসওয়ার্ড দেয়া হয়েছে। তিনি জানান যে, আগামী ৩০ জানুয়ারি ২০২৩ এর মধ্যে শেষ করে উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কিশোর-কিশোরী ক্লাবের নতুন ব্যাচের কার্যক্রম চলমান আছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ভিডব্লিউবি'র কার্যক্রম ও নতুন চক্রের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার এবং কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | **উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে এবং চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, মুজিববর্ষের স্থাপিত ঘরসমূহের নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া**<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক প্রতিটি ভবনে মটরের জন্য আলাদা মিটার স্থাপন করা প্রয়োজন। বিভিন্ন এলাকায় সেচ কাজে বাধা প্রদান ও মামলা মোকদ্দমা হচ্ছে এসব বিষয় স্থানীয় ভাবে শালিসীর মাধ্যমে সমাধানের জন্য সকলের প্রতি অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের আবাসিক প্রতিটি ভবনে মটরের জন্য আলাদা মিটার স্থাপন করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮ | **তথ্যসেবা বিভাগ,(তথ্যআপা), আটপাড়া:**<br>তথ্যআপা কর্মকর্তা সবায় জানান যে, ডোর টু ডোর কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। তথ্য কেন্দ্রেও চাকরির আবেদন, প্রেসার পরিমাপ, ডায়বেটিকস পরীক্ষা, ওজন ও উচ্চতা পরিমাপ করা হচ্ছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

<u>০৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

<u>০৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, ইছায়িল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই তাই শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। দ্রুত প্রধান শিক্ষক পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

<u>০৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই, ক্লিনিক স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

<u>৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে কর্মকর্তা/কর্মাচারী না থানায় ক্লিনিকটি বন্ধ আছে। লুনেশ্বর কমিউনিটি ক্লিনিকে CHCP দিয়ে ক্লিনিকটি চালু কারার জন্য অনুরোধ করেন।

<u>০৩ (৫) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তেলিগাতী বজার সবজি বিক্রেতারাগন সবজি মহলে পাকা রাস্তার উপরে নেমে সবজি বিক্রি করে ফলে বাজারে মানুষের স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছে। নুতন একটি স্থানে সবজি মহাল বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

<u>০৩ (৬)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, সুখারী ইউনিয়নবাসীর মাতৃত্বকালীন ভাতার জন্য আটপাড়া আসতে হয় যা একজন গর্ভবতি মায়ের জন্য খুব কষ্টের কাজ। যদি উক্ত ভাতা নাজিরগঞ্জ দেয়ার ব্যবস্থা গ্রহণ করা যায় তাহলে খুব উপকার হবে এবং কলাপাড়া কমিউনিটি ক্লিনিকে ডেলিভারি যন্ত্রপাতি দেয়ার জন্য অনুরোধ করেন।

০৪। <u>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:</u>

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি বলেন যে, সরকারের উন্নয়নমূলক কাজ গুলো জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য জনপ্রতিনিধিসহ সকল কর্মকর্তাদের এগিয়ে আসতে হবে এবং সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে সকলের একসাথে কাজ করতে হবে। আসন্ন বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করা এবং যারা সেচ কার্যে নতুন সংযোগের অনুমোদন পেয়েছে, তাদের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি বলেন যে, কোভিড-১৯ এর ৪র্থ ডোজ এসেছে, সকলকে বুস্টার ডোজ নেওয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি প্রথমেই আটপাড়া উপেজলা আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক গোলাম কিবরিয়া সাহেবের ইন্তেকালে গভির শোকের প্রকাশ করেন। তিনি আরো বলেন যে, আসন্ন বোরো মৌসুমে সারের কৃত্রিম সংকট লাঘবে ইউনিয়ন পর্যায়ের ডিলারগণ নিজ নিজ বিক্রয় প্রতিষ্ঠার সামনে সারের মূল্য তালিকা টানিয়ে রাখতে হবে এবং ইহা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তিনি অনুরোধ জানান। এছাড়া সেচ কার্যক্রমের জন্য যারা বিদ্যুৎ সংযোগের অনুমোদন পেয়েছে তাদেরকে স্বচ্ছতার সাথে জরুরী ভিত্তিতে সংযোগ দেয়ার জন্য এবং মাঠ পর্যায়ে কমিউনিটি ক্লিনিকসহ সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন না করার জন্য তিনি এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়াকে অনুরোধ জানান। এছাড়াও তিনি জানান যে, বর্তমানে উপজেল ক্ষুদ্র নৃ-গোষ্টীর কার্যক্রম বন্ধন আছে। যুব উন্নয়ন অফিস কর্তৃক যুবক-যুবতীদের প্রশিক্ষণের জন্য ক্ষুদ্র নৃ-গোষ্টীর হলরুমটি ব্যবহারের প্রস্তাব করেন। এছাড়া তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০১/২৩

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২- ৬০

তারিখঃ ১১ মাঘ ১৪২৯ বাংলা
২৫ জানুয়ারি ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ..............................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ...................................................................................

২৫/০১/২৩

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১